# বেসিক ব্যাংক লিমিটেড

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক**

## কারওয়ান বাজার শাখা, ঢাকা।

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারার বিধান মোতাবেক**

## সার্টিফিকেট দ্বারা অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **বেসিক ব্যাংক লিমিটেড, কারওয়ান বাজার শাখা,** লতিফ টাওয়ার, ৪৭ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ এর খেলাপী ঋণ গ্রহীতা/ বিবাদী/দায়িকগন যথাক্রমে **(১) "মেসার্স খান এন্টারপ্রাইজ"** স্বত্বাধিকারী-মোসাম্মৎ শামীম আরা খানম, স্বামী-পারভেজ মুস্তাফিজুর রহমান খান, ব্যবসায়িক ঠিকানা ঃ ফ্ল্যাট নং-সি-১, ১৮, সফুরা হাউজ, পশ্চিম নাখালপাড়া, থানা-তেজগাঁও, জেলা-ঢাকা। ফ্যাক্টরী-নলকা, সেনগাতী, ৭নং নলকা ইউনিয়ন পরিষদ, উপজেলা-রায়গঞ্জ, থানা-সলঙ্গা, জেলা-সিরাজগঞ্জ। **(২) মোসাম্মৎ শামীম আরা খানম,** স্বত্বাধিকারী- "মেসার্স খান এন্টারপ্রাইজ" স্বামী-পারভেজ মুস্তাফিজুর রহমান খান, মাতা-শাহানারা বেগম, বর্তমান ঠিকানা ঃ ফ্ল্যাট নং-সি-১, ১৮, সফুরা হাউজ, পশ্চিম নাখালপাড়া, থানা-তেজগাঁও, জেলা-ঢাকা। স্থায়ী ঠিকানা-ফ্ল্যাট নং-৫০, সেন্ট্রাল সাউথ ব্লক, খালিশপুর হাউজিং এস্টেট, রোড নং-১৬, থানা-খালিশপুর, জেলা-খুলনা। **(৩) পারভেজ মুস্তাফিজুর রহমান খান,** বন্ধকদাতা জামিনদার-"মেসার্স খান এন্টারপ্রাইজ" পিতা-মরহুম মতিউর রহমান, মাতা-মিসেস সুফিয়া রহমান, বর্তমান ঠিকানা ঃ ফ্ল্যাট নং-সি-১, ১৮, সফুরা হাউজ, পশ্চিম নাখালপাড়া, থানা-তেজগাঁও, জেলা-ঢাকা। স্থায়ী ঠিকানা-ফ্ল্যাট নং-৫০, সেন্ট্রাল সাউথ ব্লক, খালিশপুর হাউজিং এস্টেট, রোড নং-১৬, থানা-খালিশপুর, জেলা-খুলনা। এদের বিরুদ্ধে ডিক্রীদার **বেসিক ব্যাংক লিমিটেড, কারওয়ান বাজার শাখা,** ঢাকা, অর্থজারী মোকদ্দমা নং-৪৮৫/২০১৯ দায়ের করিয়া অর্থঋন আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক ডিক্রীদার ব্যাংকের পাওনা ও ডিক্রীকৃত **টাকা ২৮,৪৫,০৭,১০০.২৩ (আঠাশ কোটি পঁয়তাল্লিশ লক্ষ সাত হাজার একশত টাকা তেইশ পঁয়সা) টাকা মাত্র** (০৮-০৯-২০১৯ ইং তারিখ পর্যন্ত) এবং উক্ত টাকা আদায় কালতক পর্যন্ত সময়ের জন্য ডিক্রীকৃত টাকার উপর ১২% বার্ষিক সরল সুদ পরিশোধ না হওয়া পর্যন্ত দায়িক পক্ষের স্বত্ব দখলীয় নিম্ন তফসিল ভুক্ত সম্পত্তি দখল ভোগের/বিক্রয়ের অধিকার লাভ করে এবং বিগত ২৬-০১-২০২১ ইং তারিখে বিজ্ঞ অর্থঋন আদালত নং-১, ঢাকা ডিক্রীদার ব্যাংকের বরাবরে একখানা সার্টিফিকেট প্রদান করেন। ফলে ডিক্রীদার ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রীকৃত টাকা এবং নিলামকাল পর্যন্ত সুদ ও আনুসঙ্গিক খরচ আদায়ের লক্ষে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। **আগামী ২৪/০৭/২০২৫ ইং** তারিখ বেলা ৩.০০ (তিন) ঘটিকার মধ্যে ব্যাংকের কারওয়ান বাজার শাখায় রক্ষিত বাক্সে সরাসরি বা রেজিস্ট্রীকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্ত মুক্ত হইতে হইবে।

**-শর্তসমূহ-**

০১) প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

০২) আগ্রহী প্রত্যেক দরপত্রদাতাকে দাখিলকৃত দরপত্রের সাথে জামানত স্বরূপ নিম্নোক্ত হারে বেসিক ব্যাংক লিমিটেড , কারওয়ান বাজার শাখা, ঢাকা'র অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে ঃ
- (ক) উদ্ধৃত দর অনুর্দ্ধ ১০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ২০% ;
- (খ) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার অধিক এবং অনুর্দ্ধ ৫০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ১৫% ; এবং
- (গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক ক্ষেত্রে উদ্ধৃত দরের - ১০%।

০৩) অনুর্দ্ধ ১০.০০ লক্ষ টাকার উদ্ধৃত দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে, ১০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক ও অনুর্দ্ধ ৫০.০০ লক্ষ টাকার দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক দরপত্র গৃহীত হওয়ার ৯০ (নব্বই) দিনের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন, ব্যর্থতায় সমুদয় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে ।

০৪) দরপত্র নির্ধারিত **জামানতসহ ২৪/০৭/২০২৫ ইং তারিখ** ০৩.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড , কারওয়ান বাজার শাখা, ঢাকায় রক্ষিত বাক্সে দাখিল করতে হবে এবং উক্ত তারিখ বিকাল ০৩.১৫ ঘটিকায় দরপত্র কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে ।

০৫) দরপত্র গৃহীত হবার ১০ (দশ) দিন পর লিখিত আবেদন পত্রের ভিত্তিতে অসফল দরপত্র দাতার জামানত ফেরৎ দেয়া হবে ।

০৬) কম জামানত প্রদানকারী /ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে ।

০৭) দরপত্রে সম্পত্তির মূল্য অস্বাভাবিক কম বা অন্যকোন কারনে গ্রহনযোগ্য না হলে ব্যাংক তা গ্রহনে বাধ্য থাকবে না ।

০৮) দরপত্রদাতাকে তফসিলভূক্ত জমি ও প্রযোজ্য ক্ষেত্রে তদস্থিত ভবন ও অস্থাবর সম্পত্তির জন্য পৃথক পৃথক ভাবে দরপত্র দাখিল করতে হবে। তবে যে কোনটির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হবে না।

০৯) সর্বোচ্চ দরপত্রদাতা/গৃহীত দরপত্রের শর্তানুযায়ী অর্থ পরিশোধে ব্যর্থ হলে অর্থঋন আদালত আইন ২০০৩ এর ৩৩(৩) ধারা মোতাবেক পরবর্তী দরপত্রদাতার দরপত্র গ্রহনযোগ্য হলে কর্তৃপক্ষ তা বিবেচনা করতে পারবেন ।

১০) সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।

১১) কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে ।

১২) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য (বন্ধকীকৃত সম্পত্তি) জানার জন্য নিলাম অনুষ্ঠানের পূর্বে অফিস চলাকালীন সময়ে যেকোন দিন বেসিক ব্যাংক লিমিটেড, কারওয়ান বাজার শাখা, ঢাকায় যোগাযোগ করতঃ সরজমিনে সম্পত্তিস্থল পরিদর্শন করতে পারিবেন।

**"সম্পত্তির তফসিল-ক"**

All that piece and parcel of land measuring 4.95(Four point nine five) decimals situated within District-Dhaka, Police Station & Sub-Registry Office-Savar, under Dhaka Collectorate Touzi J.L. Nos-C.S. & S.A.-511, R.S.-26, Mouza-Deharasthita, C.S. Khatian No-121 & S.A. Khatian No-168, C.S.& S.A. Dag No-121 & R.S. Dag no-117 under Zote no-75 of the lay out plot no-A/2, Road no-1/4, Block no "A"
Butted & bounded by: (required) On the North : Plot # A/4, Road # 1/4; On the South : Road; On the East : Plot # A/1, Road # 1/3; On the West : Road. Along with all construction and buildings constructed or to be constructed thereon together with all rights, title, interests, benefits, easements etc attached thereto.

**সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান**
**কারওয়ান বাজার শাখা, ঢাকা।**
**মোবাইল নং- ০১৭১৩২৫৭৪৫৭**

প্রকাশ তারিখঃ ৩০/০৬/২০২৫
আমার দেশ
নয়া দিগন্ত